# খুলনা সিটি কর্পোরেশন

কঞ্জারভেন্সী বিভাগ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**-ঃ১৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির ১ম সভার কার্য বিবরণী ঃ-**

**সভার তারিখ ও সময়** ঃ ১৪/০৩/২০২৪, বেলা ১১.০০ টায়।

**সভার স্থান** ঃ নগর ভবন GIZ সভা কক্ষ।

**সভাপতি** ঃ শেখ হাফিজুর রহমান হাফিজ, সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ১৭, কেসিসি।

**উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম ঃ -**

১. জনাব জেড এ মাহমুদ ডন - সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ২৪, কেসিসি।
২. জনাব আলহাজ্ব ইমাম হাসান চৌধুরী ময়না - সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ২৩, কেসিসি।
৩. জনাব মো: আলী আকবর - সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ২৫, কেসিসি।
৪. জনাব ফকির মো: সাইফুল ইসলাম - সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আঃ নং - ২৯, কেসিসি।

**উপস্থিত কর্মকর্তাবৃন্দের নাম ঃ-**

১. জনাব মোঃ আনিসুর রহমান - প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, কেসিসি।
২. জনাব মোঃ আব্দুর রকীব - সহঃ কঞ্জারভেন্সী অফিসার, কেসিসি।
৩. জনাব মোল্লা মারুফ-অর-রশীদ - সহঃ কঞ্জারভেন্সী অফিসার, কেসিসি।
৪. জনাব মোঃ জিয়াউর রহমান - সহঃ কঞ্জারভেন্সী অফিসার, কেসিসি।
৫. জনাব তানবিনুল ইসলাম - সিএসআই, কেসিসি।

সম্মানিত সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্যসূচী পাঠ করবার জন্য প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জনাব মোঃ আনিসুর রহমান কে অনুরোধ করলে তিনি আলোচ্যসূচী পাঠ করেন এবং অতঃপর আলোচনা শুরু করেন।

| ক্রঃ/নং | আলোচ্যসূচী | আলোচনা | সুপারিশ |
|---|---|---|---|
| ০১ | পরিচিতি পর্ব | সভার শুরুতে প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা সহকারী কঞ্জারভেন্সী কর্মকর্তাগণ নবনির্বাচিত বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানিত সদস্যগণদের ফুলেল শুভেচ্ছা জানান। | |
| ০২ | কঞ্জারভেন্সী বিভাগের সার্বিক বিষয় নিয়ে আলোচনা ও সুপারিশ। | **জনাব শেখ হাফিজুর রহমান হাফিজ, সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ১৭, কেসিসি-** সভার শুরুতে বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির তফসিল-ক [প্রবিধান ১১(৩) দ্রষ্টব্য]-এর কার্যাবলি নিয়ে আলোচনা করেন। তিনি মশক নিধন কার্যক্রমকে আরো জোরদার করণ সহ খুলনা মহানগরী এলাকাকে একটা ক্লিন সিটি করার বিষয়ে ব্যাপক আলোচনা করেন। তিনি বর্তমানে খুলনা মহানগরী এলাকায় ০১ থেকে ৩১ নং ওয়ার্ডে মোট কত জন পরিচ্ছন্নতা কর্মী দৈনিক কাজ করে এ বিষয়ে জানতে চান।<br><br>**জনাব আলী আকবর, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ২৫** জানান, ০১ থেকে ৩১ নং ওয়ার্ডে কর্মরত সকল আউটসোর্সিং কর্মীদের নাম, পিতার নাম, ছবি, স্বাক্ষরসহ পরিচয়পত্র তৈরীর বিষয়ে জন্য প্রস্তাব রাখেন এবং বর্তমানে ০১ থেকে ৩১ নং ওয়ার্ডে কতজন কন: সুপারভাইজার, ঝাড়ুদার, নর্দমা শ্রমিক, ভ্যান চালক, স্প্রে-ম্যান ও ফগার ম্যান কর্মরত আছেন এ বিষয়ে সঠিক তথ্য পাইবার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবদের পত্র প্রদানের বিষয়ে মতামত প্রদান করেন।<br><br>**জনাব আলহাজ্ব ইমাম হাসান চৌধুরী ময়না, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ২৩** জানান, রাজশাহী সিটি কর্পোরেশনের ন্যায় কাউন্সিলরবৃন্দের তত্ত্বাবধায়নে দিলে কার্যক্রম আরো সহজ হবে বলে জানিয়েছেন।<br><br>**জনাব মোল্যা মারুফ রশীদ, সহঃ কনঃ অফিসার** জানান, ৩১ টি ওয়ার্ডে পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রমকে আরও গতিশীলকরণের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধির জন্য স্কুল, কলেজে প্রোগ্রাম করা প্রয়োজন বলে অভিমত ব্যক্ত করেন।<br><br>**জনাব মোঃ জিয়াউর রহমান, সহঃ কনঃ অফিসার** জানান, বাড়ী বাড়ী থেকে ময়লা কালেকশন করা হলে এলাকা পরিষ্কার রাখা সম্ভব। | ক) ০১ থেকে ৩১ নং ওয়ার্ডে কর্মরত সকল আউটসোর্সিং কর্মীদের নাম, পিতার নাম, ঠিকানা ও ছবিসহ পরিচয়পত্র তৈরীর বিষয়ে সুপারিশ গৃহীত হয়।<br>খ) বর্তমানে ০১ থেকে ৩১ নং ওয়ার্ডে কতজন কন: সুপারভাইজার, ঝাড়ুদার, নর্দমা শ্রমিক, ভ্যান চালক, স্প্রে-ম্যান ও ফগার ম্যান কর্মরত আছেন এ বিষয়ে সঠিক তথ্য পাইবার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবদের পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) বিভিন্ন ওয়ার্ডের ছোট-বড় ড্রেনের আউটলেট সংযোগে স্টীল এর নেট বসানোর বিষয়ে সুপারিশ গৃহীত হয়। |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সম্মানিত সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ এবং সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/৩/২৪

(শেখ হাফিজুর রহমান হাফিজ)
সভাপতি
বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি
ও
সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ১৭
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

স্মারক নং- ৪৬.১৩.০০০০.০০৩.০৬.৭৭.২৪ - ১৮০

তাং - ২৫/০৪/২০২৪ খ্রিঃ

অনুলিপি ঃ (কার্যার্থে / জ্ঞাতার্থে)।

১. মাননীয় মেয়র মহোদয়, খুলনা সিটি কর্পোরেশন।
২. সম্মানিত কাউন্সিলরবৃন্দ, খুলনা সিটি কর্পোরেশন।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৪. সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
৫. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৬. সকল বিভাগ/ শাখা প্রধানগণ, খুলনা সিটি কর্পোরেশন।
৭. সংশ্লিষ্ট নথি।

২৫/৪/২৪

(শেখ হাফিজুর রহমান হাফিজ)
সভাপতি
বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি
ও
সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ১৭
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

# খুলনা সিটি কর্পোরেশন

কঞ্জারভেন্সী বিভাগ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**-ঃ ২১/০৩/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির ২য় সভার কার্য বিবরণী ঃ-**

সভার তারিখ ও সময় ঃ ২১/০৩/২০২৪, বেলা ১১.০০ টায়।
সভার স্থান ঃ খালিশপুর শাখা অফিস।
সভাপতি ঃ শেখ হাফিজুর রহমান হাফিজ, সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ১৭, কেসিসি।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম ঃ -

১. জনাব আলহাজ্ব ইমাম হাসান চৌধুরী ময়না - সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ২৩, কেসিসি।
২. জনাব মো: আলী আকবর টিপু - সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ২৫, কেসিসি।
৩. জনাব ফকির মো: সাইফুল ইসলাম - সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আঃ নং - ২৯, কেসিসি।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের নাম ঃ-

১. জনাব মোঃ আনিসুর রহমান - প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, কেসিসি।
২. জনাব মোঃ আব্দুর রকীব - সহঃ কঞ্জারভেন্সী অফিসার, কেসিসি।
৩. জনাব নূরুন্নাহার এ্যানি - সহঃ কঞ্জারভেন্সী অফিসার, কেসিসি।
৪. জনাব মোল্লা মারুফ-অর-রশীদ - সহঃ কঞ্জারভেন্সী অফিসার, কেসিসি।
৫. জনাব মোঃ জিয়াউর রহমান - সহঃ কঞ্জারভেন্সী অফিসার, কেসিসি।
৬. জনাব তানবিনুল ইসলাম - সিএসআই, কেসিসি।
৭. জনাব গাজী সালাউদ্দীন - সিএসআই, কেসিসি।

সম্মানিত সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্যসূচী পাঠ করবার জন্য প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জনাব মোঃ আনিসুর রহমান কে অনুরোধ করলে তিনি আলোচ্যসুচী পাঠ করেন এবং অতঃপর আলোচনা শুরু করেন।

| ক্রঃ/নং | আলোচ্যসূচী | আলোচনা | সুপারিশ |
|---|---|---|---|
| ০১ | মশক নিধন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম আরও জোরদার করণের বিষয় নিয়ে আলোচনা ও সুপারিশ। | **জনাব শেখ হাফিজুর রহমান হাফিজ, সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ১৭, কেসিসি-** তিনি সভার শুরুতে উপস্থিত ওয়ার্ড সুপারভাইজারদের সহিত মশক নিধন কার্যক্রমকে আরো জোরদার করণের বিষয়ে ব্যাপক আলোচনা করেন এবং বর্তমানে অতিরিক্ত মশার বৃদ্ধি কমানোর বিষয়ে মত বিনিময় করেন। তিনি বর্তমানে ওয়ার্ডে কর্মরত পরিচ্ছন্নতা কর্মী কার্যক্রম পরিচালনার জন্য যথেষ্ট কিনা এ বিষয়ে জানতে চান এবং ০১ থেকে ১৫ নং ওয়ার্ডে মোট কত জন পরিচ্ছন্নতা কর্মী দৈনিক কাজ করে এ বিষয়ে জানতে চান।<br><br>**প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা** জানান, বর্তমানে প্রতিটি ওয়ার্ডে কতজন কন: সুপারভাইজার, ঝাড়ুদার, নর্দমা শ্রমিক, ভ্যান চালক, স্প্রে-ম্যান ও ফগার ম্যান কর্মরত আছেন এ বিষয়ে সঠিক তথ্য পাইবার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবদের পত্র প্রদানের বিষয়ে আলোচনা করেন এবং মশক নিধন ঔষধ সাইফারমেথ্রিন-১০ ইসি এর পরিবর্তে Ready For Use মশক নিধন ঔষধ ব্যবহারের বিষয়ে সুপারিশ করেন। মশক নিধন কাজে প্রতিটি ওয়ার্ডে ০২ জন করে স্প্রে-ম্যান প্রয়োজন। ০১ জন লার্ভিসাইড মশক নিধন স্প্রে করবে অন্যজন ফগার মেশিন চালাবে।<br><br>**জনাব আলহাজ্ব ইমাম হাসান চৌধুরী ময়না, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ২৩** জানান, ঢাকা উত্তর ও দক্ষীণ সিটি কর্পোরেশন মশক নিধন ঔষধ বিদেশ থেকে আমদানি করছে। খুলনা সিটি কর্পোরেশন যাতে এ বিষয়ে ব্যবস্থা নেন সে বিষয়ে সুপারিশ করেন।<br><br>**জনাব আলী আকবর, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ২৫** জানান, বর্তমানে কঞ্জারভেন্সী বিভাগে কতজন জনবল আছে তার তালিকা তৈরীর জন্য বলেন এবং মশক নিধন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম আরও জোরদার করণের বিষয়ে জোর সুপারিশ করেন এছাড়া খালিশপুর শাখা অফিস চত্ত্বরে বিভিন্ন ধরনের ফুলের চারা রোপন করে একটি সুন্দর বাগান করার বিষয়ে সুপারিশ করেন। | ক) Ready For Use মশক নিধন ঔষধ ব্যবহারের বিষয়ে সুপারিশ গৃহীত হয়।<br><br>খ) প্রতিটি ওয়ার্ডে ০২ জন করে মশক নিধন কর্মী নিয়োগের সুপারিশ গৃহীত হয়।<br><br>গ) খালিশপুর শাখা অফিস চত্ত্বরে বিভিন্ন ধরনের ফুলের চারা রোপন করার সুপারিশ গৃহিত হয়। |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সম্মানিত সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ এবং সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/০৪/২৪
(শেখ হাফিজুর রহমান হাফিজ)
সভাপতি
বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি
ও
সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ১৭
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা। ২৪/০৪/২৪

স্মারক নং- ৪৬.১৩.০০০০.০০৩.০৬.৭৭.২৪ - ১৮১

তাং - ২৫/০৪/২০২৪ খ্রিঃ

অনুলিপি ঃ (কার্যার্থে / জ্ঞাতার্থে)।

১. মাননীয় মেয়র মহোদয়, খুলনা সিটি কর্পোরেশন।
২. সম্মানিত কাউন্সিলরবৃন্দ, খুলনা সিটি কর্পোরেশন।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৪. সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
৫. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৬. সকল বিভাগ/ শাখা প্রধানগণ, খুলনা সিটি কর্পোরেশন।
৭. সংশ্লিষ্ট নথি।

২৪/০৪/২৪
(শেখ হাফিজুর রহমান হাফিজ)
সভাপতি
বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি
ও
সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং - ১৭
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা। ২৪/০৪/২৪

*G:\2. Conservency Deprimental Folder\1. Standing Commity 3. Resulation-Legal.doc-110*